## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর

## বাংলাদেশ সচিবালয়

## ঢাকা

### সংবাদ গতিধারা

### ঢাকা, বৃহস্পতিবার ২১ জুলাই ২০১৬, ৬ শ্রাবণ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। যত্নবান হলে বাংলাদেশ মৎস্য উৎপাদনে বিশ্বে প্রথম হবে
: জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। জঙ্গিদের সম্পর্কে তথ্য দিতে সবার প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

৩। সন্ত্রাসীদের মূলোৎপাটনে ঐক্যবদ্ধ হতে হবে : রাষ্ট্রপতি

৪। বেনাপোল-পেট্রাপোল চেকপোস্ট আজ উদ্বোধন করবেন
প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

৫। পদ্মা সেতু হয়ে যশোর রেল সংযোগসহ ৫ প্রকল্প
ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

৬। হাসপাতালের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণে পরিচালকদের দায়িত্বশীল হওয়ার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৭। জঙ্গি দমনে ঢাকা ও দিল্লি ঘনিষ্ঠভাবে কাজ করবে : দুই মন্ত্রীর সঙ্গে হর্ষবর্ধন শ্রিংলার সাক্ষাৎ

৮। বস্ত্র ও পাট খাতে বাংলাদেশের সঙ্গে সহযোগিতায় আগ্রহী ভারত

৯। মহেশখালীতে ১৩২০ মেগাওয়াট বিদ্যুত কেন্দ্র স্থাপনে মালয়েশিয়ার সঙ্গে চুক্তি

১০। আবাসিক এলাকায় কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান থাকবে না
: ১২ হাজার ৯৫৭ প্রতিষ্ঠানকে নোটিশ

১১। চলতি বছর হজ গমনেচ্ছুদের স্বাস্থ্য পরীক্ষা শুরু আজ

চলমান পাতা-২

**১। যত্নবান হলে বাংলাদেশ মৎস্য উৎপাদনে বিশ্বে প্রথম হবে**

**: জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

বর্তমান বিশ্বে মৎস্য উৎপাদনে বাংলাদেশ ৪র্থ অবস্থানে রয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশের যে পরিমাণ সমুদ্রসীমা, নদ-নদী, খাল-বিল, হাওর-বাঁওড় রয়েছে, তাতে যত্নবান হলে বাংলাদেশ মৎস্য উৎপাদনে বিশ্বে চতুর্থ নয়, প্রথম হতে পারে। তিনি মৎস্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, বাজারজাত এবং বিদেশে রফতানির ক্ষেত্রে গুণগত মান বজায় রাখার আহ্বান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২০ জুলাই বুধবার রাজধানীর ফার্মগেটের বাংলাদেশ কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৬'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র- **সংবাদ**

(শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)। **সমকাল, ইত্তেফাক, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সানসহ** অধিকাংশ পত্রিকা ছবিসহ খবর ছেপেছে।

২। **জঙ্গিদের সম্পর্কে তথ্য দিতে সবার প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান**

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, ঢাকায় (গুলশানে) সম্প্রতি জঙ্গি হামলার ঘটনায় বিশ্বের বিভিন্ন রাষ্ট্র নিন্দা জানিয়েছে, তারা বলেছে- জঙ্গিবাদ মোকাবিলায় তারা বাংলাদেশের পাশে আছে। প্রধানমন্ত্রী বলেন, যারা পর্দার আড়ালে এসব ঘটাচ্ছে, তারা দেশের উন্নতি চায় না, অগ্রগতি চায় না। তারা দেশের স্বাধীনতায় বিশ্বাস করে না। প্রধানমন্ত্রী সংসদকে জানান, হামলাকারীদের কয়েকজনকে শনাক্ত করা গেছে। এসব হামলাকারীদের সম্পর্কে তথ্য দিতে সবার প্রতি আহ্বান জানান তিনি। গতকাল ২০ জুলাই বুধবার দশম জাতীয় সংসদের ১১তম (বাজেট) অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। সন্ত্রাসীদের মূলোৎপাটনে ঐক্যবদ্ধ হতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সন্ত্রাসী ও তাদের মদতদাতাদের মূলোৎপাটনে দলমতনির্বিশেষে ঐক্যবদ্ধ হতে জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি রাজধানীর হলি আর্টিজান ক্যাফেতে বন্ধুপ্রতিম বিদেশি নাগরিকদের হত্যা এবং ঈদুল ফিতরের দিনে শোলাকিয়া ঈদগাহ মাঠের নিকটে হামলার উল্লেখ করে বলেন, এ ঘটনায় দেশবাসী মর্মাহত। রাষ্ট্রপতি গতকাল ২০ জুলাই বুধবার রাষ্ট্রপতির গার্ড রেজিমেন্টের (পিজিআর) ৪১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ঢাকা সেনানিবাসে পিজিআর সদর দফতরে শহীদ ক্যাপ্টেন হাফিজ হলে রাষ্ট্রপতির গার্ড রেজিমেন্টের দরবারে ভাষণ প্রদানকালে এ কথা বলেন। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

৪। **বেনাপোল-পেট্রাপোল চেকপোস্ট আজ উদ্বোধন করবেন**

**প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ২১ জুলাই বৃহস্পতিবার বেনাপোলে স্থলবন্দরের লিংক রোড দিয়ে ভারতের নবনির্মিত পেট্রাপোল স্থলবন্দরের ইন্টিগ্রেটেড চেকপোস্টের আমদানি-রফতানি বাণিজ্যের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। দুপুর ২টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে দুই দেশের প্রধানমন্ত্রী বেনাপোল চেকপোস্ট, আন্তর্জাতিক প্যাসেঞ্জার টার্মিনাল, বেনাপোল বন্দরে অবস্থিত লিংক রোড, বাস টার্মিনালসহ

আরও কয়েকটি স্থাপনাও উদ্বোধন করবেন। সূত্র-**জনকণ্ঠ**(পৃ.১,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** ( পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৫। পদ্মা সেতু হয়ে যশোর রেল সংযোগসহ ৫ প্রকল্প ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

ঢাকা থেকে পদ্মা সেতু হয়ে যশোর পর্যন্ত রেল সংযোগসহ ২৮ হাজার ৫৪৮ কোটি টাকা ব্যয়ে মোট

৫টি ক্রয় প্রস্তাব ও একটি ভেরিয়েশন প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল ২০ জুলাই বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের অনুপস্থিতিতে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরীর সভাপতিত্বে ক্রয় প্রস্তাবগুলো অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মাকসুদুর রহমান পাটোয়ারী এ তথ্য জানান। ১৭২ কিলোমিটার মূল রেললাইন ও ৪৩ দশমিক ২২ কিলোমিটার লুপ লাইন এবং অন্যান্য আনুষঙ্গিক কাজসহ এতে মোট ব্যয় হবে প্রায় ৩১৪ কোটি ডলার। বাংলাদেশি টাকায় এর পরিমাণ হচ্ছে ২৭ হাজার ৬৫৩ কোটি টাকা। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১৬,ক.৮)।

**৬। হাসপাতালের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণে পরিচালকদের দায়িত্বশীল হওয়ার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

সরকারি হাসপাতালের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণে পরিচালকসহ সংশ্লিষ্টদের আরও দায়িত্বশীল হওয়ার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ২০ জুলাই বুধবার সচিবালয়ে ‘সরকারি হাসপাতাল

ব্যবস্থাপনা’ সংক্রান্ত সভায় তিনি বলেন, হাসপাতালের যন্ত্রপাতি নষ্ট থাকার কারণে রোগীর মৃত্যু হতে পারে। সংশ্লিষ্টদের মনে রাখতে হবে, হাসপাতালের যন্ত্রপাতি শুধু একটি মেশিন নয়, রোগীর জীবন-মরণ এর ওপর নির্ভর

করে। তাই যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণে আরও সতর্ক হতে হবে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, হাসপাতালের যন্ত্রপাতি নষ্ট হয়ে পড়লে তা সঙ্গে সঙ্গে মন্ত্রণালয়ে জানাতে হবে। সূত্র- **সমকাল** (পৃ.৪,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.১)।

**৭। জঙ্গি দমনে ঢাকা ও দিল্লি ঘনিষ্ঠভাবে কাজ করবে : দুই মন্ত্রীর সঙ্গে হর্ষবর্ধন শ্রিংলার সাক্ষাৎ**

ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা গতকাল ২০ জুলাই বুধবার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন এবং তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সচিবালয়ে স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ, স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে। এদিকে সচিবালয়ে হর্ষবর্ধন শ্রিংলার সংঙ্গে সাক্ষাতের পর তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, জঙ্গি ও সন্ত্রাসবাদ দমনে ঢাকা ও দিল্লি ঘনিষ্ঠভাবে কাজ করবে। গুলশান ও শোলাকিয়ায় জঙ্গি হামলা এবং সন্ত্রাসবাদ মোকাবিলা নিয়ে আলোচনা হয়েছে বলে জানান তথ্যমন্ত্রী ও ভারতীয় হাইকমিশনার। সূত্র- **সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**৮। বস্ত্র ও পাট খাতে বাংলাদেশের সঙ্গে সহযোগিতায় আগ্রহী ভারত**

বস্ত্র ও পাট খাতে বাংলাদেশের সঙ্গে ভারত ব্যবসা বাণিজ্য সম্প্রসারণ ঘটাতে চায় বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা। গতকাল ২০ জুলাই বুধবার বস্ত্র ও পাট মন্ত্রী মুহা. ইমাজ উদ্দিন প্রামাণিকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে ভারতীয় হাইকমিশনার এ কথা জানান। সাক্ষাৎকালে তারা দু’দেশের বস্ত্র ও পাট শিল্পের দ্বিপক্ষীয় বাণিজ্য ও এর অগ্রগতি নিয়ে আলোচনা করেন। দু’পক্ষের এ বৈঠকে বস্ত্র

ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম উপস্থিত ছিলেন। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.১)।

**৯। মহেশখালীতে ১৩২০ মেগাওয়াট বিদ্যুত কেন্দ্র স্থাপনে মালয়েশিয়ার সঙ্গে চুক্তি**

মালয়েশিয়ার জাতীয় কোম্পানির সঙ্গে একটি এক হাজার ৩২০ মেগাওয়াট বিদ্যুত কেন্দ্র নির্মাণে যৌথ মূলধনী কোম্পানি গঠনে চুক্তি করেছে বাংলাদেশ বিদ্যুত উন্নয়ন বোর্ড (পিডিবি)। কক্সবাজারের মহেশখালিতে কয়লা চালিত বিদ্যুত কেন্দ্রটি নির্মাণ করা হবে। জাপান এবং চীনের পর মহেশখালিতে বড় বিদ্যুত কেন্দ্র নির্মাণে মালয়েশিয়ার সঙ্গেও চুক্তি করল সরকার। মালয়েশিয়ার পুত্রজায়ায় বাংলাদেশ বিদ্যুত উন্নয়ন বোর্ড (বিউবো) এবং মালয়েশিয়ার তেনেগা ন্যাশনাল বারহেড পাওয়ারটেক এনার্জির সঙ্গে চুক্তিটি স্বাক্ষরিত হয়। চুক্তিতে বাংলাদেশের পক্ষে বিপিডিবির চেয়ারম্যান মো. শামসুল হাসান মিয়া এবং তেনেগার পক্ষে এর প্রেসিডেন্ট দাতুক সেরি ইর আজমান মোহঃ এবং পাওয়ারটেকের পক্ষে এর পরিচালক দাতু মার্ক উইলিয়াম লিং লী মেং স্বাক্ষর করেন। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

**১০। আবাসিক এলাকায় কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান থাকবে না : ১২ হাজার ৯৫৭ প্রতিষ্ঠানকে নোটিশ**

রাজধানীসহ দেশের বড় বড় শহরগুলোর আবাসিক প্লট ও ভবনে কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান থাকবে না। ওইসব এলাকায় কোনো রাজনৈতিক দলের অফিস থাকলেও তা বন্ধ করা হবে। গতকাল ২০ জুলাই বুধবার সচিবালয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সভায় এসব কথা বলেন স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সচিব আবদুল মালেক। নগর এলাকার রাস্তার পার্শ্বে আবাসিক প্লটে ও ভবনে রেস্টুরেন্ট ও বারসহ নানাবিধ কার্যক্রম পরিচালনাজনিত সমস্যা নিরসনকল্পে গঠিত আন্তঃমন্ত্রণালয় ও বিভাগীয় সেলের সমন্বয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সচিব আবদুল মালেক বলেন, সরকারের পক্ষ থেকে ইতোমধ্যে দেশের ১২ হাজার ৯৫৭ টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে নোটিশ দেওয়া হয়েছে। নোটিশের জবাব পর্যালোচনা করে ওইসব প্রতিষ্ঠান উচ্ছেদের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। এছাড়া দেশের আবাসিক এলাকাগুলোর বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর ট্রেড লাইসেন্স নবায়ন না করা এবং নতুন করে বাণিজ্যিক প্রতিষ্ঠান স্থাপনে ট্রেড লাইসেন্স না দেওয়ারও সিদ্ধান্ত হয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১১। চলতি বছর হজ গমনেচ্ছুদের স্বাস্থ্য পরীক্ষা শুরু আজ**

আজ ২১ জুলাই বৃহস্পতিবার থেকে শুরু হবে চলতি বছর হজ গমনেচ্ছুদের স্বাস্থ্য সনদ প্রদানের লক্ষ্যে স্বাস্থ্য পরীক্ষার কার্যক্রম। কার্যক্রম চলবে ৩১ জুলাই পর্যন্ত। রাজধানীসহ সারাদেশের সরকারি হাসপাতাল ও জেলা সিভিল সার্জন কার্যালয়ে স্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি দুই ধরনের (ম্যানেনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা) টিকা প্রদান করবে স্বাস্থ্য মন্ত্রণালয়। স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **যুগান্তর** ( পৃ.৩,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সড়ক ও জনপথ বিভাগের আওতাধীন সড়কের ৬৫ শতাংশ সেতু ভাঙাচোরা হওয়ায়, যা প্রায়ই ছোট-বড় দুর্ঘটনার কারণ হয় এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে সড়ক-মহাসড়কের ব্রিজ কালভার্ট মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যবহারে যথাযথ পরিকল্পনার ওপর গুরুত্বারোপ।

খ. **প্রথম আলো:** দেশের প্রতিটি উপজেলায় একটি করে কলেজ জাতীয়করণ করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে যে তালিকা করা হয়েছে তাতে প্রায় ২০টি উপজেলায় অনিয়ম ও বৈষম্যের অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সংবাদ :** সন্ত্রাসবিরোধী আইনে করা প্রায় সব মামলাই পদ্ধতিগত জটিলতার মধ্যে পড়ায় এসব জটিলতাগুলোর দ্রুত অবসান করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ :** চট্টগ্রামে পাহাড়ে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারীদের দ্রুত অন্যত্র সরানোর আহ্বান।

ঙ. **ইনকিলাব :** মাদকের বিরুদ্ধে কার্যকর প্রতিরোধ গড়ে তুলতে পারিবারিক ও সামাজিক মূল্যবোধ এবং প্রয়োজনীয় ধর্মীয় শিক্ষার বিকল্প নেই বলে মত প্রকাশ।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস,ডেইলি স্টার :** সাভারে ট্যানারি স্থানান্তরের প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে জরুরি ভিত্তিতে সিইটিপি স্থাপন করাসহ অন্যান্য কনস্ট্রাকশন কাজ দ্রুত শেষ করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** মাছের উৎপাদন বাড়াতে ভরাট নদীগুলোর নাব্যতার ব্যবস্থা করা ও প্রাকৃতিক জলাশয়গুলো দখলমুক্ত করাসহ মাছ চাষে রাাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার বন্ধ করার আহ্বান।

জ. **নিউজ টুডে :** বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, বালু ও তুরাগ নদীগুলো দখলদারীদের শুধু জরিমানা করলেই হবে না পর্যায়ক্রমে নদীগুলোকে দখলমুক্ত করার সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** তৈরি পোশাক, প্রযুক্তি, চামড়াসহ এ ধরনের অন্যান্য খাতে দুই লাখের বেশি বিদেশি কর্মরত থাকায় এসব খাতে যথাযথভাবে দক্ষ করে স্থানীয় লোকদের নিয়োগের ব্যবস্থা করার আহ্বান।

ঞ. **নিউ এজ :** ডেঙ্গু জ্বরের বিস্তার প্রতিরোধে যথাযথ কর্তৃপক্ষকে মশা নিধন কার্যক্রম দ্বিগুণ করাসহ জনগণকে সচেতন করার পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে মানবসম্পদ ও জাতীয় জীবনমানের সার্বিক উন্নয়নে শিক্ষার বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'পাট নিয়ে যত কথা'** শিরোনামের নিবন্ধে মো. হাসান ইমাম বিচক্ষণ ও দূরদর্শী পরিকল্পনার মাধ্যমেই আমাদেরকে পাট শিল্পের দীর্ঘমেয়াদি উন্নয়নের দিকে নজর দিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা